

চামড়া বাংলাদেশের অন্যতম প্রধান রপ্তানী পণ্য। উৎকৃষ্ট মানের চামড়া প্রাপ্তির জন্য পশু জবাই-এর সময় নিম্নের পদক্ষেপসমূহ অনুসরণ করলে যেমন- চামড়ার ভাল মূল্য পাওয়া যাবে তেমনি দেশও অধিক বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হবে।

**কোরবানীর পশুর চামড়া ছাড়ানো এবং সংরক্ষণে প্রাথমিকভাবে করণীয় :**

১. পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত বিশ্রাম দিতে হবে।
২. পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত পানি পান করাতে হবে।
৩. জবাইয়ের ১২ ঘন্টা পূর্ব হতে পশুকে খাদ্য সরবরাহ বন্ধ রাখা উত্তম।
৪. পশু জবাইয়ের পূর্বে পশুকে ভাল ভাবে গোসল করাতে হবে।
৫. পশু জবাইয়ের পূর্বে জবাই স্থান ভাল করে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।
৬. জবাইয়ের জন্য প্রয়োজনীয় ধারালো ছুরি ব্যবহার করতে হবে এবং উপযুক্ত গর্ত তৈরী করে নিতে হবে।
৭. জবাইয়ের পর পশুর সমুদয় রক্ত নির্গমনের জন্য পর্যাপ্ত সময় দিতে হবে।
৮. রক্তভর্তি গর্তটি মাটি দিয়ে বন্ধ করে দিতে হবে।
৯. চামড়া ছাড়ানোর সময় লক্ষ্য রাখতে হবে যাতে চামড়ার সাথে মাংস ও চর্বি না থাকে, চামড়ার কোন স্থান কেটে না যায় এবং তাতে কোন ময়লা না লাগে।
১০. জবাইয়ের পর চামড়া ছাড়ানোর ৪-৫ ঘন্টার মধ্যে চামড়া সংরক্ষণের জন্য চামড়ায় লবন লাগাতে হবে। জবাই ও মাংস কাটা শেষে সকল প্রকার বর্জ্য ভালোভাবে অপসারণ করে মাটিতে পুঁতে ফেলতে হবে।
১১. কাঁচা চামড়ার পঁচনরোধে চামড়ার ভিতরের দিকটি উপরের দিকে দিয়ে টান টান করে বিছিয়ে দিতে হবে। অতঃপর পর্যাপ্ত লবণ ছিটিয়ে চামড়ার পানি শুষে নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। চামড়া বিক্রির পূর্বে এ কাজটি বার বার করা যেতে পারে।



(এস. এম. সাঈদ হাসান)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা।

প্রচারে -  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।